গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-২ অধিশাখা
www.mopme.gov.bd

নং: ৩৮.০০.০০০০.০০০.০০৮.০৪.০০০১.১৭-৩৫০

তারিখ: ০৭ আষাঢ় ১৪৩৩ / ২১ জুন ২০২৬

**প্রজ্ঞাপন**

সারাদেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে নবনিয়োগ প্রাপ্ত সহকারী শিক্ষকদের পদায়ন, কর্মরত সকল শিক্ষকের বদলি সংক্রান্ত কার্যক্রম পরিচালনা এবং পর্যালোচনাপূর্বক নিষ্পত্তিকরণের লক্ষ্যে নিম্নোক্তভাবে কমিটি গঠন করা হলো:

**ক) সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক বদলির আবেদন যাচাই-বাছাই ও নিষ্পত্তিকরণ বিষয়ক জাতীয় কমিটি:**

| | | |
|---|---|---|
| ক. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | - | সভাপতি |
| খ. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | - | সদস্য |
| গ. অতিরিক্ত সচিব (বিদ্যালয়), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | - | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি:**

১. উক্ত কমিটি প্রতি মাসে অন্তত ০১ (এক) বার সভা আহবান করে প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের বদলির আবেদন যাচাই-বাছাইপূর্বক নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবেন এবং এ সংক্রান্ত সভার কার্যবিবরণীসহ বিস্তারিত প্রতিবেদন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মন্ত্রী বরাবর অনুমোদনের জন্য প্রেরণ করবেন;

২. যে সকল বিদ্যালয়ে শিক্ষকগণ ইতঃপূর্বে প্রতিস্থাপন সাপেক্ষে বদলির আদেশ প্রাপ্ত হয়েছেন সে সকল বিদ্যালয়ে শিক্ষকদের অগ্রাধিকার ভিত্তিতে পদায়ন করতে হবে; এবং

৩. আন্তঃ বিভাগে অথবা আন্তঃসিটি কর্পোরেশনের ক্ষেত্রে সহকারী শিক্ষকদের বদলির আবেদন যাচাই বাছাইপূর্বক কমিটির অনুমোদন সাপেক্ষে পরিচালক (পলিসি ও অপারেশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর বদলির আদেশ জারির ব্যবস্থা গ্রহণ করবেন।

**খ) অন্তঃ বিভাগ প্রাথমিক শিক্ষক বদলির আবেদন যাচাই-বাছাই ও নিষ্পত্তিকরণ বিষয়ক কমিটি:**

| | | |
|---|---|---|
| ক. বিভাগীয় কমিশনার | - | সভাপতি |
| খ. বিভাগীয় উপপরিচালক (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা) | - | সদস্য |
| গ. ০২ (দুই) জন গণ্যমান্য ব্যক্তি (সভাপতি কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| ঘ. বিভাগীয় উপপরিচালক (প্রাথমিক শিক্ষা) | - | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি:**

১. উক্ত কমিটি প্রতি মাসে অন্তত ০১ (এক) বার সভা আহবান করে প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের বদলির আবেদন যাচাই-বাছাইপূর্বক নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবেন এবং এ সংক্রান্ত সভার কার্যবিবরণীসহ বিস্তারিত প্রতিবেদন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবেন;

২. যেসকল বিদ্যালয়ে শিক্ষকগণ ইতঃপূর্বে প্রতিস্থাপন সাপেক্ষে বদলির আদেশ প্রাপ্ত হয়েছেন সে সকল বিদ্যালয়ে শিক্ষকদের অগ্রাধিকার ভিত্তিতে পদায়ন করতে হবে; এবং

৩. একই বিভাগের মধ্যে (সিটি কর্পোরেশন ব্যতীত) সহকারী শিক্ষকদের বদলির আবেদন যাচাই বাছাইপূর্বক বিভাগীয় কমিটির অনুমোদন সাপেক্ষে সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা বদলির আদেশ জারির ব্যবস্থা গ্রহণ করবেন।

**গ) জেলা পর্যায়ে প্রাথমিক বিদ্যালয়ে নবনিয়োগপ্রাপ্ত শিক্ষকদের পদায়ন, কর্মরত শিক্ষকদের বদলির আবেদন যাচাই-বাছাই ও নিষ্পত্তিকরণ বিষয়ক কমিটি:**

| | | |
|---|---|---|
| ক. জেলা প্রশাসক | - | সভাপতি |
| খ. জেলা শিক্ষা অফিসার | - | সদস্য |
| গ. ০২ (দুই) জন গণ্যমান্য ব্যক্তি (সভাপতি কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| ঘ. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | - | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি:**

১. উক্ত কমিটি প্রতি মাসে অন্তত ০১ (এক) বার সভা আহবান করে প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের বদলির আবেদন যাচাই-বাছাইপূর্বক নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবেন এবং এ সংক্রান্ত সভার কার্যবিবরণীসহ বিস্তারিত প্রতিবেদন বিভাগীয় উপপরিচালক (প্রাথমিক শিক্ষা)-এর কার্যালয়ে প্রেরণ করবেন;

২. এই কমিটি নবনিয়োগপ্রাপ্ত সহকারী শিক্ষকদের লটারির মাধ্যমে উপজেলা পর্যায়ের বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পদায়ন নিশ্চিত করবেন;

৩. যেসকল বিদ্যালয়ে শিক্ষকগণ ইতঃপূর্বে প্রতিস্থাপন সাপেক্ষে বদলির আদেশ প্রাপ্ত হয়েছেন সে সকল বিদ্যালয়ে শিক্ষকদের অগ্রাধিকার ভিত্তিতে পদায়ন করতে হবে; এবং

৪. একই জেলার মধ্যে সহকারী শিক্ষকদের বদলির আবেদন যাচাই বাছাইপূর্বক জেলা কমিটির অনুমোদন সাপেক্ষে সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসার বদলির আদেশ জারির ব্যবস্থা গ্রহণ করবেন।

**ঘ) উপজেলা/থানা পর্যায়ে প্রাথমিক শিক্ষক বদলির আবেদন যাচাই-বাছাই ও নিষ্পত্তিকরণ বিষয়ক কমিটি:**

| | | |
|---|---|---|
| ক. উপজেলা নির্বাহী অফিসার | - | সভাপতি |
| খ. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | - | সদস্য |
| গ. ০২ (দুই) জন গণ্যমান্য ব্যক্তি (সভাপতি কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| ঘ. উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার | - | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি:**

১. উক্ত কমিটি প্রতি মাসে অন্তত ০১ (এক) বার সভা আহবান করে প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের বদলির আবেদন যাচাই-বাছাইপূর্বক নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবেন এবং এ সংক্রান্ত সভার কার্যবিবরণীসহ বিস্তারিত প্রতিবেদন জেলা প্রাথমিক শিক্ষা অফিসে প্রেরণ করবেন; এবং

২. যে সকল বিদ্যালয়ে শিক্ষকগণ ইতঃপূর্বে প্রতিস্থাপন সাপেক্ষে বদলির আদেশ প্রাপ্ত হয়েছেন সে সকল বিদ্যালয়ে শিক্ষকদের অগ্রাধিকার ভিত্তিতে পদায়ন করতে হবে; এবং

৩. একই উপজেলা/থানার মধ্যে সহকারী শিক্ষকদের বদলির আবেদন যাচাই বাছাইপূর্বক উপজেলা/থানা কমিটির অনুমোদন সাপেক্ষে উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার বদলির আদেশ জারির ব্যবস্থা গ্রহণ করবেন।

০২। জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

27/03/26

(রাজীব কুমার সরকার)
উপসচিব
ফোন: +৮৮-০২২২৩৩৫৭২৫৫
ইমেইল-sassch2@mopme.gov.bd

**<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৬. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
৭. জেলা প্রশাসক (সকল জেলা)।
৮. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। (প্রজ্ঞাপনটির ২০০০ কপি গেজেট আকারে মুদ্রণের অনুরোধসহ)।
৯. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), (সকল জেলা)।
১২. উপজেলা নির্বাহী অফিসার (সকল উপজেলা)।
১৩. বিভাগীয় উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
১৪. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (অফিস আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৫. জেলা শিক্ষা অফিসার (সকল জেলা)।
১৬. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল জেলা)।
১৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল উপজেলা)।
১৮. উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল উপজেলা)।
১৯. অফিস কপি।

(রাজীব কুমার সরকার)
উপসচিব